# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৫

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

## আরবী

وَعَنِ الْمِقْدَام بن معدي كرب قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لُبْسِ جُلُودِ السِّبَاعِ وَالرُّكُوبِ عَلَيْهَا. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

## বাংলা

৫০৫-[১৬] মিক্বদাম ইবনু মা’দীকারীব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিংস্র জন্তুর চামড়া পরতে ও এর উপর আরোহণ করতে নিষেধ করেছেন। (আবূ দাঊদ ও নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৪২৫৫, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১০১১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَهى عَنْ لُبْسِ جُلُوْدِ السِّبَاعِ) “হিংস্র প্রাণীর চামড়া পরতে ও এর উপর আরোহণ করতে নিষেধ করেছেন।” অত্র হাদীস প্রমাণ করে যে, হিংস্র প্রাণীর চামড়া ব্যবহার করা অবৈধ। কেননা তা অহংকারী লোকেদের কাজ। অনুরূপ এতে রয়েছে অপব্যয়। অত্র হাদীস এও প্রমাণ করে যে, পাকা করার ফলে হিংস্র প্রাণীর চামড়া পবিত্র হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55063

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন